

কর্মক্ষেত্রে আহত হয়েছেন? ক্ষতিপূরণ দাবির ক্ষেত্রে আপনার অধিকার সম্পর্কে জানুন



কর্মক্ষেত্রে আঘাতের জন্য পাওয়া চিকিৎসার খরচ এবং চিকিৎসাকালীন ছুটির সার্টিফিকেট(MC) নিয়ে আমার কি করা উচিত ?

কখন আমাকে চিকিৎসাকালীন ছুটির মজুরি এবং চিকিৎসার খরচ প্রদান করা হবে?

আপনার চিকিৎসার নথিপত্রের ফটোকপি আপনার কাছে রাখবেন এবং মূল কপিগুলো যত তাড়াতাড়ি সম্ভব আপনার নিয়োগকর্তার কাছে জমা দিবেন। আপনার নিয়োগকর্তা আপনার কর্মক্ষেত্রে আঘাতের জন্য পাওয়া চিকিৎসাকালীন ছুটির মজুরি এবং চিকিৎসার খরচ আপনাকে অবশ্যই প্রদান করবেন।

আপনার নিয়োগকর্তা আপনার চিকিৎসাকালীন ছুটির মজুরি প্রদান করবেন পরবর্তী বেতনের সঙ্গেই। আর আপনি যদি আপনার চিকিৎসার জন্য কোন অর্থ প্রদান করে থাকেন, সেক্ষেত্রে আপনার নিয়োগকর্তা আপনাকে সেই বাবদ অর্থ ফেরত দিবেন।

যদি আমার নিয়োগকর্তা আমার ওয়ার্ক পারমিট বাতিল করতে চান, তাহলেও কি আমি আমার ক্ষতিপূরণ পাব?

হ্যাঁ, এমনকি যদিও আপনি কোম্পানির জন্য আর কাজ না করেন অথবা আপনার ওয়ার্ক পারমিট বাতিল করা হয়েছে তারপরও কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতের জন্য ক্ষতিপূরণ পাওয়ার অধিকার আপনার রয়েছে।

কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতজনিত ক্ষতিপূরণ দাবি আইন (WICA) কর্মক্ষেত্রে আহত কর্মীদের রক্ষা করে। আহত কর্মীরা তিন ধরনের সুবিধা দাবি করতে পারবেন WICA-র অধীনে। যেমন:

- চিকিৎসাকালীন ছুটির মজুরি
- চিকিৎসার খরচ
- চিরস্থায়ী আঘাতসমূহ বা মৃত্যুর জন্য এককালীন ক্ষতিপূরণ

যদি আপনার সহায়তার প্রয়োজন হয়, সেক্ষেত্রে MOM আপনাকে সহায়তা প্রদান করবে।
ঠিকানা: MOM Services Centre, 1500 Bendemeer Road, Singapore 339946
অফিসের সময়সূচী: সোমবার (Monday) থেকে শুক্রবার (Friday)
কার্যকাল: 8.00am to 5.30pm
ওয়েবসাইট: <http://www.mom.gov.sg/wic>